

নিশ্চিত করি শোভন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কর্মপরিবেশ

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

গড়ে তুলি স্মার্ট

কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

বাংলাদেশ

সেইফটি অধিশাখা

নারীর প্রতি যৌন হয়রানী প্রতিরোধে গঠিত "complaint committee"র সভা (মার্চ/২০২৩) এর কার্যবিবরণী

সভাপতি মোছাঃ জুলিয়া জেসমিন

যুগ্ম মহাপরিদর্শক

সভার তারিখ ১৬ মার্চ, ২০২৩

সভার সময় সকাল ১১.০০ ঘটিকা

স্থান যুগ্ম মহাপরিদর্শক (স্বাস্থ্য) এর কক্ষ

উপস্থিতি পরিশিষ্ট "ক"

সভাপতি মহোদয় নারীর প্রতি যৌন হয়রানী প্রতিরোধে গঠিত "complaint committee"র সভায় উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই হাইকোর্টের রীট পিটিশন নং ৫৯১৬/২০০৮ এর রায়ের আলোকে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের প্রধান কার্যালয়সহ সকল উপমহাপরিদর্শকের কার্যালয়ে গঠিত "complaint committee"র সার্বিক কার্যক্রমসহ বর্তমান অবস্থা বর্ণনা করেন। তিনি বলেন, এখন থেকে "complaint committee"র সভা প্রতি দুই মাসে একবার অনুষ্ঠিত হবে।

২। প্রধান কার্যালয়ে গঠিত "complaint committee"র অন্যতম সদস্য জনাব মাহবুবা আক্তার, উপপরিচালক, এডভোকেসী, বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (লাস্ট), মানবাধিকার কর্মী ও সদস্য বলেন যে, যেহেতু বর্তমান সরকার কর্মক্ষেত্রে নারীর প্রতি যৌন হয়রানী প্রতিরোধে বন্ধপরিকর, সেহেতু, সকল উপমহাপরিদর্শকের কার্যালয়ের কর্মকর্তাদের মধ্যে এ বিষয়ে স্বচ্ছ ধারণা ও সচেতনতা সৃষ্টি করা প্রয়োজন।

কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের যৌন হয়রানী বিষয়ক অভিযোগ তদন্ত কার্যক্রম পরিচালনা, অভিযোগ নিষ্পত্তিসহ তদন্ত কার্যক্রম সংশ্লিষ্ট প্রতিটি বিষয় সম্পর্কে সম্যক ধারণা প্রদানের জন্য লাস্ট এবং কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের যৌথ আয়োজনে গাজীপুর/চট্টগ্রামে ওয়ার্কশপ আয়োজন করা হবে।

৩। প্রধান কার্যালয়ের "complaint committee"র অন্যতম সদস্য এডভোকেট হাসিনা খানম, লিগ্যাল অফিসার, সেফটি এন্ড রাইটস সোসাইটি বলেন, গত ১ সেপ্টেম্বর, ২০২২ খ্রি: তারিখে বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ সংশোধন করা হয়েছে। সংশোধিত বিধিমালায় নতুন বিধি ৩৬১ক সন্নিবেশ করা হয়েছে। তিনি কর্মক্ষেত্রে যৌন হয়রানী প্রতিরোধে বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর বিধি ৩৬১ক বাস্তবায়নে ৩১ টি উপমহাপরিদর্শকের কার্যালয় কাজ করছে কি না তা জানতে চান।

জবাবে যুগ্ম মহাপরিদর্শক (স্বাস্থ্য) সভায় অবহিত করেন যে, বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ বিধি ৩৬১ক তে বর্ণিত বিষয়াবলি যথাযথভাবে অনুসরণ ও বাস্তবায়নের জন্য ৩১ টি কার্যালয়ের উপমহাপরিদর্শক বরাবর ২৩-০৩-২০২৩ তারিখ পত্র প্রেরণ করা হয়েছে।

৪। প্রধান কার্যালয়ে গঠিত "complaint committee"র অন্যতম সদস্য জনাব মাহবুবা আক্তার, উপপরিচালক,

এডভোকেসী, বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট), মানবাধিকার কর্মী ও সদস্য, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের অভ্যন্তরীণ "Complaint Committee" ছাড়াও কারখানা পর্যায়ে "Complaint Committee" সক্রিয় আছে কিনা তা মনিটরিং করার প্রয়োজনীয়তা তুলে ধরেন।

কমিটির সদস্য সচিব তাম্মিন হক, সভায় অবহিত করেন যে, কলকারখানা, শিল্প প্রতিষ্ঠান ও বাণিজ্য প্রতিষ্ঠান পরিদর্শনকালে "Complaint Committee" গঠন নিশ্চিতকরণ ও গঠিত "Complaint Committee" সক্রিয় আছে কিনা তা মনিটরিং করার জন্য গত ২৩-০২-২০২৩ তারিখ ৩১ টি কার্যালয়ের উপমহাপরিদর্শক বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

৫। যুগ্ম মহাপরিদর্শক (স্বাস্থ্য) সভায় অবহিত করেন যে, "complaint committee"র কার্যক্রমকে অধিকতর সক্রিয় করতে উক্ত কমিটির সদস্যদের তালিকা ফোন নম্বরসহ কার্যালয়সমূহের দৃশ্যমান স্থানে প্রদর্শিত করার জন্য ৩১ টি কার্যালয়ের উপমহাপরিদর্শক বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

৬। জনাব মাহবুব আক্তার, উপপরিচালক, বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট), বলেন যে, নারীর প্রতি যৌন হয়রানী প্রতিরোধে ও "complaint committee"র কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের জন্য একটি SOP প্রস্তুত করা যেতে পারে।

সভাপতি মহোদয় বলেন, জনাব মোঃ মাছুম বিল্লাহ, আইন কর্মকর্তা, জনাব ইফফাত আরা, শ্রম পরিদর্শক (স্বাস্থ্য), প্রধান কার্যালয়, জনাব মাহবুব আক্তার, উপপরিচালক, (ব্লাস্ট), এডভোকেট হাসিনা খানম, লিগ্যাল অফিসার, সেফটি এন্ড রাইটস সোসাইটি SOP এর খসড়া প্রস্তুতের জন্য প্রয়োজনীয় কার্যক্রম সম্পাদন করবেন।

৭। যুগ্ম মহাপরিদর্শক (স্বাস্থ্য) এবং প্রধান কার্যালয়ের এ কমিটির আহ্বায়ক সভায় অবহিত করেন যে, রিট পিটিশন নং-৫৯১৬/২০০৮ এর ১৪-০৫-২০০৯ তারিখের রায়ের নির্দেশনা বাস্তবায়নের বিষয়ে অত্র দপ্তরের গৃহীত কার্যক্রম ও তার বাস্তবায়ন, প্রধান কার্যালয়সহ ৩১ টি উপমহাপরিদর্শকের কার্যালয়ে গঠিত "complaint committee"র কার্যক্রম সংক্রান্ত বার্ষিক প্রতিবেদনের খসড়া প্রস্তুত করা হয়েছে। এটি চূড়ান্ত করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।

৮। সভাপতি আরো জানান যে, অত্র অধিদপ্তরের তথ্য বাতায়নে 'যৌন হয়রানী প্রতিরোধে অভিযোগ কমিটি' শীর্ষক সেবা বক্স খোলা হয়েছে। এতে প্রধান কার্যালয়ে গঠিত "complaint committee"র অফিস আদেশ, "complaint committee" সংক্রান্ত ডকুমেন্টস, ছবি আপলোড দেয়া হয়েছে। উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহে "complaint committee" গঠনের অফিস আদেশ ও "complaint committee"র কার্যক্রম সংক্রান্ত ডকুমেন্টস তথ্য বাতায়নে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ১৫-০৩-২০২৩ তারিখ পত্র প্রেরণ করা হয়েছে বলে তিনি সভায় অবহিত করেন।

সিদ্ধান্তসমূহ:

১। "complaint committee"র সভা প্রতি দুই মাসে একবার অনুষ্ঠিত হবে।

২। গাজীপুর/ চট্টগ্রামে ব্লাস্ট এবং কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের যৌথ আয়োজনে কর্মশালা আয়োজন করা হবে।

৩। নারীর প্রতি যৌন হয়রানী প্রতিরোধে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের জন্য একটি SOP এর খসড়া প্রস্তুতের জন্য ওয়ার্কিং কমিটি কাজ করবে।

৪। "complaint committee"র কার্যক্রম সংক্রান্ত বার্ষিক প্রতিবেদন চূড়ান্ত করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।

৫। প্রধান কার্যালয় ৩১ টি উপমহাপরিদর্শকের কার্যালয়ে গঠিত "complaint committee"র কার্যক্রম ফলো আপ করবে।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

মোছাঃ জুলিয়া জেসমিন
যুগ্ম মহাপরিদর্শক

স্মারক নম্বর: ৪০.০১.০০০০.১০২.১৮.০০৬.২১.৯৮

তারিখ: ৯ চেত্র ১৪২৯

২৩ মার্চ ২০২৩

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) যুগ্ম মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
- ২) উপমহাপরিদর্শক (সকল), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।
- ৩) জনাব মাহবুবা আক্তার, উপ-পরিচালক, এডভোকেসী, বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট),
মানবাধিকার কর্মী ও সদস্য
- ৪) এডভোকেট হাসিনা খানম, লিগ্যাল অফিসার, সেফটি এন্ড রাইটস সোসাইটি
- ৫) আইন কর্মকর্তা, আইন উপশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
- ৬) সহকারী মহাপরিদর্শক (স্টাফ অফিসার টু মহাপরিদর্শক), মহাপরিদর্শকের দপ্তর, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন
অধিদপ্তর (মহাপরিদর্শক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৭) সহকারী মহাপরিদর্শক (সেফটি), সেইফটি অধিশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
- ৮) সহকারি মহাপরিদর্শক (স্বাস্থ্য), নারী ও শিশুশ্রম উপশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
- ৯) শ্রম পরিদর্শক (স্বাস্থ্য), স্বাস্থ্য অধিশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
- ১০) অফিস কপি

মোছাঃ জুলিয়া জেসমিন
যুগ্ম মহাপরিদর্শক